

এই অন্ধকারে

এমনই অন্ধকার ঘর  
আমি কিছুই দেখতে পাই না,  
তবু চোখ দুটোকে জাগিয়ে রাখি  
যদি এক সময় চিড়পথে বলক আসে,  
এবং আমি জেগে জেগেই স্বপ্নে মজি  
কোন মুখের ছটা লাগবে  
আর এই অন্ধকার হয়ে যাবে ফোয়ারাবাজি।  
তখন দেখবে সবাই  
কাকে বলে ভালোবাসার ঘর,  
ঝড়ের বন্দর কাকে বলে।

অণ মিত্র

